

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫০৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ প্রচন্ড গরমের সময় সালাত দেরি করে আদায় করার নির্দেশ দ্বারা উদ্দেশ্য যোহরের সালাত; অন্য সালাত উদ্দেশ্য নয়

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ الْأَمْرَ بِالْإِبْرَادِ بِالصَّلَاةِ فِي شِدَّةِ الْحَرِّ أُريد بِهِ صَلَاةُ الظُّهْرِ دُونَ غيرها

আরবী

1506 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلٍ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ يُوسُفَ قَالَ: حَدَّثَنَا شَرِيكٌ عَنْ بَيَانَ عن قيس بن حَازِمٍ: عَنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ قَالَ: كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالْهَاجِرَةِ فَقَالَ: (أَبْرِدُوا بْنِ شُعْبَةَ قَالَ: (أَبْرِدُوا بِالصَّلَاةِ فَإِنَّ شِدَّةَ الْحَرِّ من فيح جهنم) بالصَّلَاةِ فَإِنَّ شِدَة الْحَرِّ من فيح جهنم) الراوي: الْمُغِيرَة بْن شُعْبَةَ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1506 ا خلاصة حكم المحدث: صحيح - ((الروض)) ((1049)). قالَ أَبُو حَاتِم رَضِيَ اللَّهُ عَنْهُ: تَفَرَّدَ بِهِ إِسْحَاقُ الْأَزْرَقُ

বাংলা

১৫০৬. মুগীরা বিন শু'বা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে যোহরের সালাত দ্বিপ্রহরের সময় আদায় করেছি। তিনি আমাদের বলেছেন, "তোমরা (যোহরের) সালাতকে শীতল করে (বিলম্বে) আদায় করবে। কেননা নিশ্চয়ই এই উত্তাপ জাহান্নামের শ্বাস থেকে আসে।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহ্ল্লাহ বলেন, "হাদীসটি ইসহাক আল আযরাক এককভাবে বর্ণনা করেছেন।"

ফটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/২৫০; সুনান বাইহাকী: ১/৪৩৯; ইবনু মাজাহ: ৬৮০; তাহাবী, শারহু মা'আনিল আসার:



১/১৮৭; তাবারানী: ২০/৯৪৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওয: ১০৪৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন